



## আসন্ন নির্বাচনে ১ লাখ সেনা মোতায়ন: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা লে. জে. (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী জানিয়েছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রায় ১ লাখ সেনা সদস্য মাঠে থাকবে। ইতিমধ্যেই বিভিন্ন বাহিনীকে প্রশিক্ষণ ও প্রস্তুত রাখা হয়েছে। নির্বাচনকে শান্তিপূর্ণ করতে সেনাবাহিনীর পাশাপাশি নৌবাহিনী, বিমান বাহিনী, পুলিশ, বিজিবি, র্যাব, আনসার ও প্রশাসনও একযোগে কাজ করবে।

সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, বর্তমানে মাঠে প্রায় ৩০ হাজার সেনা সদস্য দায়িত্ব পালন করছে। তবে নির্বাচনের সময় সেই সংখ্যা বাড়িয়ে ১ লাখে উন্নীত করা হবে। পাশাপাশি নিরাপত্তা বলয়ে থাকবে নৌবাহিনী, বিমান বাহিনী, পুলিশ, বিজিবি, আনসার, র্যাব ও কোস্টগার্ড।

তিনি বলেন, “নির্বাচনের নিরাপত্তা আইনশৃঙ্খলা বাহিনী নিশ্চিত করলেও মূল ভূমিকা জনগণের। জনগণ নির্বাচনমুখী হলে তা কোনো শক্তিই থামাতে পারবে না। রাজনৈতিক দলগুলোর মধ্যে বোঝাপড়া তৈরি হলে নির্বাচন আরও সহজ হয়।”

অস্ত্র উদ্ধারের বিষয়ে তিনি জানান, পুলিশের অভিযানে উল্লেখযোগ্য সফলতা এসেছে, তবে এখনও কিছু অস্ত্র চট্টগ্রাম অঞ্চলে রয়ে গেছে। নির্বাচনের আগে এসব অস্ত্র উদ্ধার করতে অভিযান জোরদার করা হবে।

আসন্ন দুর্গাপূজা প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, পূজা শান্তিপূর্ণ ও আনন্দঘনভাবে পালিত হবে। এ উৎসবের পবিত্রতা বজায় রাখতে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সতর্ক থাকবে।

নিষিদ্ধ সংগঠনের মিছিল প্রসঙ্গে তিনি জানান, অংশগ্রহণকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে অনেকে জামিনে বের হয়ে পুনরায় একই কার্যক্রমে জড়িয়ে পড়ছে। তাই সহজে জামিন না পাওয়ার ব্যবস্থা নিয়েও সরকার ভাবছে।